সতর্কতা বাড়িয়ে শুটিং চলছে পুরোদমে

আজকালের প্রতিবেদন

করোনা সংক্রমণ আবার বাড়তে থাকায় টালিগঞ্জের সমস্ত স্টুডিওতে বাড়ানো হয়েছে সতর্কতা। এবং ধারাবাহিকের শুটিং চলছে পুরোদমে। সমস্ত স্টুডিওতে যেমন সতর্কতা মেনে কোনও কোনও ধারাবাহিকের আউটডোর শুটিং হয়েছে মঙ্গলবার। অন্যদিকে, কলকাতায় আগের দিন অর্থাৎ সোমবারই ২৫টি কন্টেনমেন্ট জোন ঘোষণা হয়েছে, যার মধ্যে আছে রুবি আনন্দপুরের কাছে আরবানা কমপ্লেক্স। এখানে পরিচালক অরিন্দম শীল, রাজ চক্রবর্তী ছাড়াও থাকেন রচনা বন্দ্যোপাধ্যায়, শুভশ্রী গঙ্গোপাধ্যায়, শ্রাবন্তী চট্টোপাধ্যায়ের মতো অভিনেত্রীরা। কিন্তু করোনায় আক্রান্ত পরিবারের সদস্যদের আবাসনের বাইরে বেরনোর নিষেধাজ্ঞা থাকলেও অন্যদের ক্ষেত্রে সেই বিধিনিষেধ নেই। মঙ্গলবার সন্ধেয় অরিন্দম শীল জানালেন, এদিন বিকেল থেকে আবাসনে বাইরের কেউ ঢুকতে পারবেন না বলে নিষেধাজ্ঞা জারি হয়েছে। স্যানিটাইজেশন চলছে। এখানে সাতটি টাওয়ার আছে। এক টাওয়ারের বাসিন্দারা এখন অন্য টাওয়ারে যেতে পারবেন না। এদিন চলচ্চিত্র উৎসবের সাংবাদিক সম্মেলনে এসেছিলেন অরিন্দম শীল। করোনাবিধি ও সতর্কতা মেনেই তাঁরা চলাফেরা করছেন।

টালিগঞ্জের সব স্টুডিওতেই সতর্কতা ও বিধিনিষেধ আরও বাড়ানো হয়েছে বলে জানালেন কলাকুশলীদের সংগঠন ফেডারেশনের সভাপতি স্বরূপ বিশ্বাস। টেকনিশিয়ান্স, ইন্দ্রপুরী, ভারতলক্ষ্মী-সহ সমস্ত স্টুডিওতেই কড়াভাবেই বিধিনিষেধ মানা হচ্ছে।

জনপ্রিয় 'মিঠাই' ধারাবাহিকের শুটিং চলছে ভারতলক্ষ্মীতে। এই ধারাবাহিকের পরিচালক রাজেন্দ্রপ্রসাদ দাস এখন ব্যস্ত নতুন ধারাবাহিক 'পিলু'র শুটিংয়ে। আগামী সোমবার থেকে জি-বাংলায় শুরু হচ্ছে এই ধারাবাহিক। মঙ্গলবার তিনি 'পিলু' ও 'আহির' অর্থাৎ মেঘা এবং গৌরবকে নিয়ে শুটিং করলেন সাঁকরাইলে। অন্যদিকে, এই সঙ্গীতবহুল ধারাবাহিকের গান রেকর্ডিং নিয়ে ব্যস্ত সঙ্গীত পরিচালক উপালি চট্টোপাধ্যায়।

রাজেন্দ্রপ্রসাদ এবং উপালি— দু'জনেই বললেন, সতর্কতা নিয়ে কাজ চলছে। বোঝা গেল, করোনার চোখরাঙানিকে ভয় পাচ্ছে না বাংলা ধারাবাহিক মহল। সতর্কতা ও বিধিনিষেধ মেনেই শুটিং চলছে এবং চলবে।

মাস্ক না পরলেই ধরছে পুলিশ

আজকালের প্রতিবেদন

মঙ্গলবার থেকে কোভিড সচেতনতা প্রচারে পথে নামল কলকাতা পুলিশের ট্যাবলো। ৯টি ডিভিশনে ওই ট্যাবলোগুলি ঘুরবে। সকাল ১০টা থেকে সন্ধে ৬টা পর্যন্ত প্রচার চলবে। মূলত ৯টি ডিভিশনের মধ্যে গুরুত্বপূর্ণ জায়গাগুলিতে ট্যাবলোগুলি রাখা থাকবে। মাস্ক পরা, শারীরিক দূরত্ব বজায় রাখা, স্যানিটাইজার ব্যবহার করা ইত্যাদি বিষয়ে প্রচার করা হবে। জেলাতেও সচেতনতা প্রচার শুরু করেছে পুলিশ। ধরপাকড়ও হচ্ছে। পাশাপাশি মাস্ক না পরলে কঠোর ব্যবস্থা নেবে পুলিশ। সাউথ ওয়েস্ট এবং পোর্ট ডিভিশনে যথাক্রমে এক্সাইড মোড়, খিদিরপুর মোড়, শখেরবাজার, বেহালা চৌরাস্তায় ট্যাবলো থাকবে। নর্থ এবং ইস্টার্ন সুবার্বন ডিভিশনের সিঁথি মোড়, শ্যামবাজার পাঁচমাথা এবং মৌলালিতে থাকবে। সাউথ, সাউথ ইস্ট এবং সাউথ সুবার্বন ডিভিশনে গড়িয়াহাট, মল্লিকবাজার, যাদবপুর ৮বি, পার্ক সার্কাস সেভেন পয়েন্ট এবং সেন্ট্রাল ডিভিশন ও ইস্ট ডিভিশনে ডোরিনা ক্রশিং, রুবি হাসপাতাল, সায়েন্স সিটি, পার্ক স্ট্রিট এবং জওহরলাল নেহরু রোড সংযোগস্থলে এগুলি রাখা থাকবে। এদিকে, গত মঙ্গলবার রাত থেকে বুধবার দুপুর পর্যন্ত মাস্ক না পরায় ১১০০ লোককে ধরেছে পুলিশ। ধরপাকড় চলছে। পাশাপাশি মাইকে প্রচারও চলছে। পুলিশ সচেতন করার পাশাপাশি হাতে মাস্কও তুলে দিচ্ছে। এদিকে, মাস্ক না পরায় পুরুলিয়া জুড়ে শুরু হয়েছে ব্যাপক ধরপাকড়। মাস্ক না পরায় পুরুলিয়া সদরে মঙ্গলবার ৩৩ জনকে আটক করা হয়। গ্রেপ্তার করা হয়েছে বেশ কয়েকজনকে। এদিন পূর্ব বর্ধমানের মেমারিতে মহকুমা পুলিশ আধিকারিক সুপ্রভাত চক্রবর্তীর নেতৃত্বে অভিযান চালানো হয়। বিভিন্ন পেট্রোল পাম্পে মাস্ক ছাড়া তেল না দেওয়ার অনুরোধ জানানো হয়েছে। মাস্ক না পরায় জেলা জুড়ে প্রায় শতাধিক মানুষকে আটক করা হয়। অন্যদিকে, হাওড়ায় মাস্ক না পরার অভিযোগে মঙ্গলবার ১৩৮ জনকে গ্রেপ্তার করা হয়েছে। হাওড়া পুলিশ কমিশনারেট সূত্রে এই তথ্য জানানো হয়েছে। এর মধ্যে হাওড়া ও সাঁকরাইল থানা এলাকায় রয়েছে ২৮ জন করে। ব্যাটরা ও জগাছায় রয়েছে যথাক্রমে ১৮ ও ১৬ জন। এর পরই বালি থানা এলাকায় রয়েছে ১৪ জন এবং দাশনগর থানা এলাকায় রয়েছে ১৩ জন। সাঁতরাগাছি ও ডোমজুড়ে গ্রেপ্তার হয়েছে যথাক্রমে ৭ জন ও ৬ জন। এই ব্যাপারে হাওড়া সিটি পুলিশের বিভিন্ন থানা এলাকায় মোট ১৯টি মামলা রুজু হয়েছে। আগামী দিনেও শহরে আরও জোরদার পুলিশি অভিযান চলবে। মাস্কবিহীন অবস্থায় কাউকে দেখলেই দ্রুত কড়া ব্যবস্থা নেওয়া হবে।

দমদম বাজারে করোনা সচেতনতা প্রচারে সাংসদ ডাঃ শান্তনু সেন, কাউন্সিলর ডাঃ কাকলি সেন এবং গৌতম হালদার। মঙ্গলবার।

এদিকে, শিলিগুড়ির পাশাপাশি উত্তরবঙ্গেও চলছে বিধিভঙ্গকারীদের বিরুদ্ধে অভিযান। দিনের বেলায় বিভিন্ন বাজারে হানা দিচ্ছে পুলিশ। রাতে নাকা চেকিং বসায় পুলিশ। শিলিগুড়িতে সোমবার রাত থেকে মঙ্গলবার পর্যন্ত ৯৭ জনকে আটক করেছে মেট্রোপলিটন পুলিশ। মালদায় মঙ্গলবার সকাল থেকেই অভিযান নামে পুলিশ। দোকান, শপিং মল ও বাজারগুলিতে অভিযান চালায় ইংরেজবাজার থানা। রথবাড়ি, ফোয়ার মোড়, নেতাজি সুভাষ রোড এলাকায় মাস্কবিহীন মানুষদের সচেতন করতে গিয়ে বিধি ভাঙায় ৩০ জনকে আটক করা হয়েছে। দেশবন্ধু চিত্তরঞ্জন মার্কেট, নেতাজি পুর মার্কেট-সহ একাধিক বাজারেও যায় পুলিশ। জলপাইগুড়ি পুরসভার ভাইস চেয়ারম্যান সন্দীপ মাহাতোকে নিয়ে সকালে শহরের রাস্তায় বেরিয়ে পড়েন সদর মহকুমা শাসক সুদীপ পাল। সঙ্গে ছিল জলপাইগুড়ি কোতোয়ালি থানার পুলিশ। মাস্ক না পরায় শহরের বিভিন্ন এলাকা থেকে ১৫ জনকে আটক করা হয়। আলিপুরদুয়ার ও কোচবিহারে অযথা পথে আসা মাস্কহীন মানুষদের ধরপাকড় করা হয়েছে।

কলকাতা জুড়ে ১০২০ সিসি টিভি

আজকালের প্রতিবেদন

নারী সুরক্ষায় কলকাতা শহর জুড়ে ১ হাজার ২০টি সিসি টিভি ক্যামেরা বসিয়েছে কলকাতা পুলিশ। বাকি অংশ সিসি টিভি বসানোর কাজ চলছে বলে মঙ্গলবার জানালেন রাজ্যের অ্যাডভোকেট জেনারেল সৌমেন্দ্রনাথ মুখোপাধ্যায়। নির্ভয়া কাণ্ডের পর সুপ্রিম কোর্ট নির্দেশ দিয়েছিল দেশের প্রতিটি মেট্রো শহরে মহিলাদের নিরাপত্তা সুনিশ্চিত করতে সিসি টিভি বসানোর জন্য। কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গের জন্য ১৮১ কোটি টাকা বরাদ্দ করেছিল। যার মধ্যে ৫৬ কোটি টাকা দিয়েছে এখনও পর্যন্ত। একটি মামলার শুনানিতে সিসি টিভি বসানোর কথা জানান অ্যাডভোকেট জেনারেল। মঙ্গলবার প্রধান বিচারপতি প্রকাশ শ্রীবাস্তব এবং বিচারপতি কেশং ডোমা ভুটিয়ার ডিভিশন বেঞ্চ রাজ্যকে নির্দেশ দিয়েছে, ১৫ ফেব্রুয়ারির মধ্যে হলফনামা দিয়ে সিসি টিভির বিষয়ে সমস্ত তথ্য জানাতে হবে।

পুরভোট

নিরাপত্তা নিয়ে আজ বৈঠক

আজকালের প্রতিবেদন

আজ, বুধবার দেশের চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশিত হবে। পশ্চিমবঙ্গে এখন ৭ কোটি ৩০ লক্ষের ওপর ভোটার রয়েছেন। এই ভোটারের সংখ্যা বাড়বে বলে জানা গেছে।

অন্যদিকে, ৪ পুরনিগম চন্দননগর, বিধাননগর, আসানসোল ও শিলিগুড়ির নির্বাচন আগামী ২২ জানুয়ারি। আজ, বুধবার এই ৪ পুরনিগমের নিরাপত্তা, আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ে মুখ্যসচিব হরিকৃষ্ণ দ্বিবেদী এবং স্বরাষ্ট্রসচিব বি পি গোপালিকা এবং রাজ্য পুলিশের ডিজি মনোজ মালব্যর সঙ্গে নির্বাচন কমিশনার সৌরভ দাস ভার্চুয়াল বৈঠক করবেন। কোভিড পরিস্থিতিতে নির্বাচন কমিশন স্বাস্থ্য দপ্তরের নির্দেশ অনুসারে বিভিন্ন ধরনের কঠোর ব্যবস্থা নিয়েছে। রাজ্য পুলিশ দিয়েই ভোট হবে।

নতুন পুরবোর্ডের প্রথম মেয়র পরিষদের বৈঠকে মহানাগরিক ফিরহাদ হাকিম। মঙ্গলবার। ছবি: তপন মুখার্জি

পানীয় ও জমা জলের সমস্যা মেটাতে উদ্যোগ পুরবোর্ডের

আজকালের প্রতিবেদন

জমা জল এবং পানীয় জলের সমস্যা সমাধানই কলকাতা পুরসভার নতুন বোর্ডের প্রথম লক্ষ্য। মঙ্গলবার কলকাতা পুরসভার নতুন পুরবোর্ডের প্রথম মেয়র পারিষদ বৈঠকে এমনই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এদিন মেয়র পারিষদের বৈঠকের পর কলকাতার মহানাগরিক ফিরহাদ হাকিম জানান, খিদিরপুর অঞ্চলে জল জমার সমস্যা মেটাতে ইপিসি মোডে টেন্ডার ডাকা হবে। যাতে দ্রুত কাজ শুরু করা যায়।

পানীয় জলের সমস্যা মেটাতে নবাব আলি পার্কে পাম্পিং স্টেশন তৈরি করা হবে। এই পাম্পটা চালু হলে ৭৭ এবং ৭৮ ওয়ার্ডের একটা বড় অংশের মানুষ উপকৃত হবেন। কবিতীর্থ পাম্পিং স্টেশনের কাজ শেষ হয়ে গেছে। সেখান থেকেও ৭৭ ওয়ার্ডের অনেক মানুষ জল পাবেন। বৈঠকে মূলত পুরসভার বিভিন্ন দপ্তরের কাজ নিয়ে আলোচনা হয়। দপ্তরের যে কাজগুলি অনুমতির অপেক্ষায় আটকে রয়েছে, সেগুলির অনুমোদন দেওয়া হল। মেয়র পারিষদ সদস্যদের মধ্যে বরো কমিটিদের মধ্যে কাজ ভাগ করে দেওয়া হয়।

গঙ্গাসাগরে এলে কোভিড পরীক্ষা

আজকালের প্রতিবেদন

গঙ্গাসাগর মেলার যাঁরা আসবেন, তাঁদের কোভিড পরীক্ষা করা হবে। ঘাটে টিকা দেওয়ার ব্যবস্থা রাখা হচ্ছে। মঙ্গলবার গঙ্গাসাগর মেলার প্রস্তুতি নিয়ে বৈঠকের পর একথা জানালেন কলকাতার মহানাগরিক ফিরহাদ হাকিম। এদিন গঙ্গাসাগর মেলা নিয়ে বিভিন্ন দপ্তরের সঙ্গে বৈঠক করেন মহানাগরিক। বৈঠকের পর তিনি জানান, গঙ্গাসাগর মেলার জন্য আউট্রাম ঘাটকে ৭ জানুয়ারির মধ্যে প্রস্তুত করে ফেলা হবে। করোনাকালে কোভিড বিধি মেনে গঙ্গার ঘাটগুলোকে প্রস্তুত করা হচ্ছে। আউট্রাম ঘাটে কোভিড পরীক্ষার ব্যবস্থা রাখা হচ্ছে। টিকাকরণের ব্যবস্থাও থাকবে। যাঁদের টিকা হয়নি, তাঁদের টিকা দেওয়া হবে। এখানে এসে যদি কেউ অসুস্থ হয়ে পড়েন তাঁকে আইসোলশনে রাখার ব্যবস্থাও রাখা হবে। অক্সিজেন কনসেন্ট্রেটর রাখা হবে। ঘাটের ক্যাম্প এবং পুরো ঘাট এলাকা জীবানুমুক্ত করা হবে। এছাড়া প্রতি বছরের মতো এবারও কলকাতা থেকে গঙ্গাসাগর যাওয়ার জন্য পর্যাপ্ত বাসও রাখা থাকছে। তবে দর্শনার্থীদের সকলকেই অতিমারির মধ্যে করোনা বিধি মানতে হবে। সেদিকেও নজর থাকবে পুরসভা ও পুলিসের।

চিকিৎসক, স্বাস্থ্যকর্মীদের মধ্যে আক্রান্ত বাড়ছে

আজকালের প্রতিবেদন

মেডিক্যাল কলেজগুলিতে ক্রমশ বাড়ছে করোনা সংক্রমণ। জেলার বিভিন্ন হাসপাতালের চিকিৎসক, নার্স, স্বাস্থ্যকর্মী, টেকনিশিয়ান-সহ একাধিক কর্মী করোনায় সংক্রমিত হয়েছেন। স্বাস্থ্য পরিষেবা বজায় রাখা নিয়েও দুশ্চিন্তা বাড়ছে স্বাস্থ্য দপ্তরের। এক একটি হাসপাতালে ৬০-৭০ জন করে প্রথম সারির করোনাযোদ্ধা আক্রান্ত হচ্ছেন।

কলকাতা মেডিক্যাল কলেজে গত ৫ দিনে ১০০ জনের বেশি করোনায় আক্রান্ত হয়েছেন। এর মধ্যে চিকিৎসক, নার্স, রিজিওনাল ইনস্টিটিউট অফ অপথ্যালমোলজির চিকিৎসকেরাও রয়েছেন। আক্রান্তদের মধ্যে রয়েছেন ৪ জন অ্যাসিস্ট্যান্ট সুপার। অধিকাংশই রয়েছেন হোম আইসোলেশনে।

ন্যাশনাল মেডিক্যাল কলেজের হস্টেল খালি করে দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। হাসপাতালে গত তিনদিনে চিকিৎসক, নার্স, স্বাস্থ্যকর্মী মিলিয়ে মোট ৮০ জন করোনা ভাইরাসে সংক্রমিত হয়েছেন। আক্রান্ত কয়েকজন ছাত্র এবং হাউস স্টাফ হস্টেলেই আইসোলেশনে রয়েছেন। বাকিদের আরটি-পিসিআর পরীক্ষা করানো হচ্ছে। রিপোর্ট নেগেটিভ এলে হস্টেল ছেড়ে বাড়িতে চলে যাওয়ার জন্য বলা হচ্ছে। আর নেগেটিভ এলে হস্টেলে আইসোলেশনে থাকবে বলে জানিয়েছেন হাসপাতাল কর্তৃপক্ষ। করোনায় আক্রান্ত হলেও এবারে ভয়াবহতা আগের থেকে কম বলে জানিয়েছেন কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ ডাঃ পার্থপ্রতিম মুখার্জি।

গত ২৪ ঘণ্টায় ২৬ জন চিকিৎসক আক্রান্ত হয়েছেন। তিনদিনে সেই সংখ্যা ৫০ ছাড়িয়েছে। আইসোলেশনপর্ব পাঁচ দিনে কমিয়ে আনার সিদ্ধান্ত নিয়েছেন এসএসকেএম কর্তৃপক্ষ। কার্ডিওলজি, কার্ডিওথোরাসিক, ইএনটি, প্রসূতি বিভাগ-সহ একাধিক বিভাগের চিকিৎসকদের রিপোর্ট পজিটিভ এসেছে। আর আহমেদ ডেন্টাল কলেজ, চিত্তরঞ্জন সেবা সদন, নীলরতন সরকার মেডিক্যাল কলেজ, আর জি কর মেডিক্যাল কলেজেও সাতদিনে প্রায় ২১ জনের মতো চিকিৎসক করোনায় আক্রান্ত হয়েছেন।

উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজে ১৮ জন চিকিৎসক, স্বাস্থ্যকর্মী করোনায় সংক্রমিত। উত্তরবঙ্গের জন্য নিযুক্ত ওএসডি ডাঃ সুশান্ত রায় বলেন, 'আক্রান্তদের হোম আইসোলেশনে রেখে চিকিৎসা করা হচ্ছে। প্রয়োজনে হাসপাতালেও আনা হবে।' বারুইপুর হাসপাতালের ৩ চিকিৎসক ও ৭ জন নার্স করোনায় আক্রান্ত। হাওড়ার উলুবেড়িয়া হাসপাতালেও একাধিক চিকিৎসক, স্বাস্থ্যকর্মী আক্রান্ত।

বিধাননগরে ১৫ কন্টেনমেন্ট জোন

আজকালের প্রতিবেদন

বিধাননগর পুরনিগম এলাকার ১৫টি ঠিকানায় মাইক্রো কন্টেনমেন্ট জোন করা হয়েছে। নিউ টাউনে এনকেডিএ এলাকায় কন্টেনমেন্ট জোন করা হয়েছে ৩টি। এ ছাড়া বিধাননগর মহকুমা এলাকার লেক টাউনে ৭টি ঠিকানা মাইক্রো কন্টেনমেন্ট জোন হিসেবে চিহ্নিত করা হয়েছে বলে জানিয়েছেন মহকুমা শাসক বিশ্বজিৎ পান্ডা। জায়গাগুলো ব্যারিকেড দিয়ে ঘিরে দিয়েছে প্রশাসন। বিধাননগর পুরনিগম এলাকায় গত কয়েক দিনে করোনা-আক্রান্তের সংখ্যা অনেকটাই বেড়েছে। ২০০-রও বেশি আক্রান্ত হচ্ছেন। তাই নতুন করে সেফ হোম তৈরি করার কথা ভাবা হচ্ছে। এখানে ৩৩ নম্বর ওয়ার্ডে ২টি ঠিকানায়, ৩৪ নম্বর ওয়ার্ডে ২, ৩১ এবং ৩৭ নম্বর ওয়ার্ডে ১টি করে, ৩৯ নম্বর ওয়ার্ডে ১টি, ৬ নম্বর ওয়ার্ডে ১টি, ৯ নম্বর ওয়ার্ডে ৩টি, ১২ নম্বর ওয়ার্ডে ২টি এবং ২৯ নম্বর ওয়ার্ডে ২টি ঠিকানা মাইক্রো কন্টেনমেন্ট জোন বলে ঘোষণা করা হয়েছে মঙ্গলবার। নিউ টাউনের এনকেডিএ-তে টেকনোসিটি থানা এলাকার সাপুরজি আবাসন, আকাঙ্ক্ষা আবাসন ও ইউনিওয়ার্ল্ড সিটিতে, ৩ ঠিকানায় কন্টেনমেন্ট জোন করা হয়েছে।

শনি-রবি কমছে মেট্রো

আজকালের প্রতিবেদন

রাজ্য সরকারের পরামর্শ মেনে শনি ও রবিবারেও রাত ৯টায় দমদম ও কবি সুভাষ থেকে শেষ মেট্রো ছাড়বে। দক্ষিণেশ্বরে শেষ মেট্রো ছাড়বে রাত ৮টা ৪৮ মিনিটে। শনি ও রবিবার মেট্রোর সংখ্যাও কমছে। শনিবার মেট্রো চলবে ২৩০টির বদলে ২২৪টি। কবি সুভাষ থেকে দক্ষিণেশ্বর মেট্রো চলাচল শুরু হবে সকাল ৭টায়। রবিবার অবশ্য সকাল ১০টায় চালু হচ্ছে মেট্রো। চলবে ১২০টির বদলে ১১৪টি। যাত্রীদের কোভিড প্রোটোকল মানতে হবে।

ন্যাশনাল কোম্পানি ল'ট্রাইবুনাল
কলকাতা বেঞ্চ সমীপে
ফর্ম নং এন সি এল টি ৩এ
পিটিশনের বিশদ প্রদান করে বিজ্ঞাপন
সি পি (সি এ এ) নং ১৮৩/কেবি/২০২১
সম্পর্কিত
সি এ (সি এ এ) নং ৪৭৯/কেবি/২০২০
সম্পর্কিত: এ এল পি এস সেলস প্রাইভেট লিমিটেড, কোম্পানি আইন ১৯৫৬ অনুযায়ী প্রতিষ্ঠিত যার রেজিস্টার্ড অফিস ১০৭/১ পার্ক স্ট্রিট, ৬ষ্ঠ তল, কলকাতা-৭০০ ০১৬ পশ্চিমবঙ্গ উপরোক্ত অধীনে
এবং
সম্পর্কিত: মা চিন্তপূর্ণি ট্রেডকম প্রাইভেট লিমিটেড, কোম্পানি আইন ১৯৫৬ অনুযায়ী প্রতিষ্ঠিত যার রেজিস্টার্ড অফিস ১০৭/১ পার্ক স্ট্রিট, কলকাতা-৭০০ ০১৬ পশ্চিমবঙ্গ উপরোক্ত অধীনে
এবং
সম্পর্কিত: মা কামাখ্যা নির্মাণ প্রাইভেট লিমিটেড, কোম্পানি আইন ১৯৫৬ অনুযায়ী প্রতিষ্ঠিত যার রেজিস্টার্ড অফিস ১০৭/১ পার্ক স্ট্রিট, কলকাতা-৭০০ ০১৬ পশ্চিমবঙ্গ উপরোক্ত অধীনে
এবং
সম্পর্কিত: মুলচাঁদ অশোককুমার ট্রেডার্স প্রাইভেট লিমিটেড, কোম্পানি আইন ১৯৫৬ অনুযায়ী প্রতিষ্ঠিত যার রেজিস্টার্ড অফিস ১০৭/১ পার্ক স্ট্রিট, কলকাতা-৭০০ ০১৬ পশ্চিমবঙ্গ উপরোক্ত অধীনে
এবং
সম্পর্কিত:
১) এ এল পি এস সেলস প্রাইভেট লিমিটেড
২) মা চিন্তপূর্ণি ট্রেডকম প্রাইভেট লিমিটেড
৩) মা কামাখ্যা নির্মাণ প্রাইভেট লিমিটেড
৪) মুলচাঁদ অশোককুমার ট্রেডস প্রাইভেট লিমিটেড
— আবেদনকারীগণ

পিটিশনের বিজ্ঞপ্তি

দ্য কোম্পানিজ অ্যাক্ট ২০১৩ সেকশন ২৩০ থেকে সঙ্গে পঠিতব্য কোম্পানিজ (কম্প্রোমাইজেস, অ্যারেঞ্জমেন্ট অ্যান্ড অ্যামালগামেশনস) রুলস ২০১৬ অনুযায়ী মা চিন্তপূর্ণি ট্রেডকম প্রাইভেট লিমিটেড, মা কামাখ্যা নির্মাণ প্রাইভেট লিমিটেড, মুলচাঁদ অশোককুমার ট্রেডার্স প্রাইভেট লিমিটেড (ট্রান্সফারার কোম্পানিজ) প্রাইভেট লিমিটেডের ('ট্রান্সফারি কোম্পানি') সঙ্গে একত্রীকরণের স্কিমের অনুমোদনের জন্য মহামান্য ট্রাইবুনালের কাছে পেশ করা হয়েছে ২৪.০১.২০২২ তারিখে। কোনও ব্যক্তি উক্ত পিটিশনের পক্ষে বা বিপক্ষে মতামত প্রকাশ করতে চাইলে তা তিনি প্রেরণ করবেন মহামান্য ন্যাশনাল কোম্পানি ল'ট্রাইবুনাল, কলকাতা বেঞ্চ, ৫ এসপ্ল্যানেড রো, কলকাতা-৭০০ ০০১ এবং আবেদনকারীর অনুমোদিত প্রতিনিধি-এর কাছে যেখানে তাঁর নাম-ঠিকানা সহ স্বাক্ষরিত উদ্দেশ্য বিবৃত করতে হবে এবং তা আবেদনকারীর অ্যাডভোকেটের কাছে জমা করতে হবে গুনানির কমপক্ষে দু'দিন আগে। যদি তিনি আবেদনের বিরোধিতা করতে চান তাহলে বিরোধিতার কারণ বা এফিডেভিটের কপি জমা করতে হবে। নিম্নস্বাক্ষরকারী খরচের বিনিময়ে পিটিশনের কপি প্রদান করবেন যে কোনও ব্যক্তিকে।
স্ব/-
শনী আগরওয়াল
পিটিশনের অনুমোদিত স্বাক্ষরকারী
৪, কে এস রায় রোড, কক্ষ নং ১৯,
কলকাতা-৭০০ ০০১
তারিখ: ৩০/১১/২০২১

ADITYA BIRLA CAPITAL PROTECTING INVESTING FINANCING ADVISING
রেজিস্টার্ড অফিস: ইন্ডিয়ান রেয়ন কম্পাউন্ড, ভেরাভল, গুজরাট-৩৬২২৬৬
ব্রাঞ্চ অফিস: নং ৪০৪, ফ্লোর নং ৪, ক্যামাক স্কোয়্যার, ২৪, ক্যামাক স্ট্রিট, কলকাতা-৭০০০১৬
স্থাবর সম্পত্তিসমূহ বিক্রির জন্য বিক্রয় বিজ্ঞপ্তি
সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৮ ও ৯-এর সংস্থানসমূহ সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২-এর অধীনে স্থাবর পরিসম্পদ(সমূহ) বিক্রির জন্য ই-নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।
এতদ্বারা বিশেষত সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ) এবং জনসাধারণের জ্ঞাতার্থে এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, ঋণগ্রহীতাগণ এবং জামিনদারগণ অর্থাৎ, ১. অশোক কুমার দোকানিয়া, ২. চন্দা দোকানিয়া, ৩. গ্রিন এনার্জি ইঞ্জিনিয়ার্স অ্যান্ড কনসালট্যান্ট (সহ-ঋণগ্রহীতাগণ)-এর থেকে ০৬.০৯.২০১৯ তারিখের ভিত্তিতে আদিত্য বিড়লা হাউজিং ফিনান্স লিমিটেড (জামিনযুক্ত ঋণদাতা)-এর পাওনা বাবদ ₹৪,৫৪,৮৭,৪৫২.০০ (চার কোটি চুয়ান্ন লক্ষ সাতাশি হাজার চারশো বাহান্ন টাকা মাত্র), তদুপরি আদায়ের তারিখ পর্যন্ত পরবর্তী সুদ ও অন্যান্য খরচাপাতি পুনরুদ্ধারের লক্ষ্যে জামিনযুক্ত ঋণদাতা-এর কাছে বন্ধক রাখা/ দায়বদ্ধ এবং আদিত্য বিড়লা হাউজিং ফিনান্স লিমিটেড (জামিনযুক্ত ঋণদাতা)-এর অনুমোদিত আধিকারিক দ্বারা ব্যবহারিক দখল নেওয়া নিম্নলিখিত স্থাবর সম্পত্তি 'যেখানে আছে সেখানে', 'যা কিছু আছে তা' এবং 'যেখানে যেভাবে আছে সেভাবে' ভিত্তিতে ২৫.০১.২০২২ তারিখে বিক্রি করা হবে।
সম্পত্তির ধার্য সংরক্ষণ মূল্য হল ₹২,৮১,০০,০০০/- (দুই কোটি একাশি লক্ষ টাকা মাত্র) এবং বায়না জমা (ইএমডি) অর্থাৎ হল ₹২৮,১০,০০০/- (আঠাশ লক্ষ দশ হাজার টাকা মাত্র)। ইএমডি জমা দেওয়ার শেষ তারিখ হল ২১.০১.২০২২।
স্থাবর সম্পত্তির বিবরণ: সম্পত্তি নং ১: নিম্নোক্ত জি+৪ তলবিশিষ্ট বিল্ডিংয়ের নিম্নস্থিত জমির অবিভক্ত সমানুপাতিক অংশ পরিমাণ বা স্বার্থ এবং নিম্নোক্ত প্রেমিসেস সম্পর্কিত কমন এরিয়া, ছাদ, সুবিধাবলি, আনুষঙ্গিক সুবিধা, স্পেস ও অন্যান্য বিষয়সমূহ ভোগদখলের সমানাধিকার সহ উক্ত বিল্ডিংয়ের গ্রাউন্ড ফ্লোরে প্রায় ১৫০ বর্গফুট মাপের একটি কার পার্কিং স্পেস সমেত সম্পূর্ণ ফ্লোর নং ৩ জুড়ে মার্বেলের মেঝে দেওয়া ২৭০০ বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়াযুক্ত আবাসিক মালিকানাধীন স্ক্যাসেম্পূর্ণ বাসস্থানের অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: প্রেমিসেস নং ৬৬, ব্লক 'ডি', নিউ আলিপুর, কলকাতা পুরনিগমের এলাকাধীন, ঠিকানা: ৪, রামতনু লাহিড়ী সরণি, থানা- নিউ আলিপুর, কলকাতা-৭০০০৫৩, ওয়ার্ড নং ৮১, ডাক ঠিকানা: ২৩এ/৬৬, ডায়মণ্ড হারবার রোড, কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের অধিক্ষেত্রাধীন। [হোম লোন অ্যাকাউন্ট নং: LNKOLHL- 02180040032 এবং হোম লোন অ্যাকাউন্ট নং: LNKOLHL- 02180040004]। সম্পত্তির চৌহদ্দি: উত্তর- ৬৯এ, নিউ আলিপুর এবং ৭০, নিউ আলিপুর; দক্ষিণ- নিউ আলিপুর রোড; পূর্ব- ৫, রামতনু লাহিড়ী সরণি; পশ্চিম- ৩, রামতনু লাহিড়ী সরণি।
সম্পত্তি নং ২: নিম্নোক্ত জি+৪ তলবিশিষ্ট বিল্ডিংয়ের নিম্নস্থিত জমির অবিভক্ত সমানুপাতিক অংশ পরিমাণ বা স্বার্থ এবং নিম্নোক্ত প্রেমিসেস সম্পর্কিত কমন এরিয়া, ছাদ, সুবিধাবলি, আনুষঙ্গিক সুবিধা, স্পেস ও অন্যান্য বিষয়সমূহ ভোগদখলের সমানাধিকার সহ উক্ত বিল্ডিংয়ের গ্রাউন্ড ফ্লোরে প্রায় ১৫০ বর্গফুট মাপের একটি কার পার্কিং স্পেস সমেত সম্পূর্ণ ফ্লোর নং ৪ জুড়ে মার্বেলের মেঝে দেওয়া ২৭০০ বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়াযুক্ত আবাসিক ওনারশিপ স্ক্যাসেম্পূর্ণ বাসস্থানের অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: প্রেমিসেস নং ৬৬, ব্লক 'ডি', নিউ আলিপুর, কলকাতা পুরনিগমের এলাকাধীন, ঠিকানা: ৪, রামতনু লাহিড়ী সরণি, থানা- নিউ আলিপুর, কলকাতা-৭০০০৫৩, ওয়ার্ড নং ৮১, ডাক ঠিকানা: ২৩এ/৬৬, ডায়মণ্ড হারবার রোড, কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের অধিক্ষেত্রাধীন। [হোম লোন অ্যাকাউন্ট নং: LNKOLHL- 02180041795 এবং হোম লোন অ্যাকাউন্ট নং: LNKOLHL- 02180041401]। সম্পত্তির চৌহদ্দি: উত্তর- ৬৯এ, নিউ আলিপুর এবং ৭০, নিউ আলিপুর; দক্ষিণ- নিউ আলিপুর রোড; পূর্ব- ৫, রামতনু লাহিড়ী সরণি; পশ্চিম- ৩, রামতনু লাহিড়ী সরণি।
বিক্রির বিশদ শর্ত ও নিয়মাবলির জন্য, অনুগ্রহ করে আদিত্য বিড়লা হাউজিং ফিনান্স লিমিটেড (জামিনযুক্ত ঋণদাতা)-এর ওয়েবসাইট অর্থাৎ, https://homefinance.adityabirlacapital.com/ properties-for-auction-under-sarfaesi-act অথবা https://sarfaesi.auctiontiger.net-তে দেওয়া লিঙ্ক দেখুন।
তারিখ: ০৫.০১.২০২২ স্বাঃ- অনুমোদিত আধিকারিক
স্থান: কলকাতা আদিত্য বিড়লা হাউজিং ফিনান্স লিমিটেড

পঞ্জাব নৈশনল বৈঙ্ক punjab national bank
সার্কেল অফিস: হুগলি, ২৩